

# অভিবাসী স্থানান্তর সহায়তা কর্মসূচি বাড়ির মালিকদের জন্য তথ্যপত্র

## এটি কিভাবে কাজ করে

নিউ ইয়র্ক স্টেট, নিউ ইয়র্ক সিটির সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে, নতুন এসে পৌঁছানো আশ্রয়প্রার্থী পরিবারগুলোকে ও অন্যান্য যোগ্য পরিবারগুলোকে সিটির আশ্রয়কেন্দ্রগুলো থেকে স্টেটের স্বাগত জানানো এলাকাগুলোতে স্থায়ী আবাসনে স্থানান্তর হতে সাহায্য করার জন্য অভিবাসী স্থানান্তর সহায়তা কর্মসূচি (Migrant Relocation Assistance Program, MRAP) প্রতিষ্ঠা করেছে। এই কর্মসূচি আলবানি, এরি, মনরো, সাফোক, ও ওয়েস্টচেস্টার কাউন্টির উপযুক্ত পরিবারগুলোর জন্য সর্বোচ্চ এক বছর পর্যন্ত বাড়ি ভাড়ার অর্থ পরিশোধ করবে এবং পরিষেবাসমূহ প্রদান করবে।

## বাড়ির মালিকদের জন্য সুবিধাসমূহ

একজন বাড়ির মালিক হিসেবে আপনি নবাগত পরিবারগুলোকে স্বাগত জানানোর জন্য স্টেটের প্রচেষ্টার অপরিহার্য অংশ। এই স্থানান্তর কর্মসূচি বাড়ির মালিকদেরকে কমিউনিটিতে নতুন করে শেকড় স্থাপন করা পরিবারগুলোর জন্য নিরাপদ, স্থিতিশীল আবাসন প্রদান করার মাধ্যমে স্থানীয় কর্মীদলকে শক্তিশালী ও সমৃদ্ধ করে তোলার একটি সুযোগ প্রদান করে। একক পরিবারের বাসস্থান, অ্যাপার্টমেন্ট বিল্ডিং, অ্যাপার্টমেন্ট, টাউনহাউস, ও কন্ডোমিনিয়ামগুলো এই কর্মসূচির জন্য উপযুক্ত।

MRAP-এর একজন বাড়িওয়ালা হওয়ার সুবিধাসমূহ:

- খালি পড়ে থাকা ইউনিটগুলো উপযুক্ত কোনো পরিবারের জন্য আগে থেকে সংরক্ষণ করা যায়
- এক বছরের জন্য নির্ভরযোগ্য, সময়মত বাড়ি ভাড়া পাওয়ার নিশ্চয়তা
- OTDA-এর সঙ্গে চুক্তিবদ্ধ একটি কমিউনিটি সেবা প্রদানকারী উপযুক্ত পরিবারগুলো নির্ধারণ করে থাকে
- পরিবারগুলো কেস ব্যবস্থাপনা পরিষেবাগুলোর সাথে সংযুক্ত থাকে
- বোনাস ও নিরাপত্তা ডিপোজিট সহ প্রণোদনা প্রদান করা হয়

বাড়ির মালিকদের অংশগ্রহণের জন্য প্রণোদনা:

- বাড়ির মালিকদের জন্য বোনাস – লিজ স্বাক্ষরের সময় বার্ষিক বাড়ি ভাড়ার 15% পরিশোধ করা হয়
- নিরাপত্তা ডিপোজিট এবং প্রথম তিন মাসের ভাড়া অগ্রিম পরিশোধ করা হয়
- 5 টি বা তার বেশি ইউনিটের জন্য অঙ্গীকারাবদ্ধ হওয়া বাড়ির মালিকদের জন্য একাধিক বাসস্থান বাবদ 5,000 ডলারের বোনাস
- বাড়ির মালিকের জন্য নিশ্চয়তা: যদি ভাড়াটিয়া তার অংশের বাড়ি ভাড়া পরিশোধ না করার কারণে বাড়ির মালিক ভাড়াটিয়াকে বাড়ি থেকে বহিস্কার করতে বাধ্য হন, তাহলে লিজের প্রথম বছরের জন্য বাড়ি থেকে বহিস্কারের তারিখের আগ পর্যন্ত হওয়া লোকসানের জন্য বাড়ির মালিককে ক্ষতিপূরণ প্রদান করা হবে।

আপনার এলাকার স্থানান্তর সেবা প্রদানকারীর সঙ্গে সংযুক্ত হতে অনুগ্রহ করে এখানে যোগাযোগ করুন:

আলবানি	 CENTRO CIVICO A DIVISION OF THE IBERO-AMERICAN ACTION LEAGUE	রোজা ডি লা ক্রুজ 518-424-2084 rosa.delacruz@iaal.org
এরি	 JERICHO ROAD COMMUNITY HEALTH CENTER	ডারসি কেনেডি-এলিস 716-939-1408 darcy.kennedyellis@jrchc.org
মনরো	 IBERO AMERICAN ACTION LEAGUE, INC.	ডেইজি রুইজ ম্যারিন 585-256-8900 এক্সটেনশন 170 daisy.ruiz@iaal.org
সাফোক	 SEPA Mujer	আইভান লারিওস 631-980-2555 ilarios@sepamujer.org
ওয়েস্টচেস্টার	 Neighbors Link	লুইসা গ্রান্ডা 914-666-3410 lgranda@neighborslink.org

**দ্রষ্টব্য:** সীমান্তে এসে পৌঁছেছেন এবং যুক্তরাষ্ট্রের কাস্টমস ও সীমান্ত সুরক্ষা (U.S. Customs and Border Protection) বিভাগের প্রক্রিয়ার মধ্যে দিয়ে গমন করেছেন এমন প্রত্যেক অনাগরিক ব্যক্তির জন্য নিরাপত্তা সংক্রান্ত পরীক্ষা সম্পন্ন করা হবে। তাদের বায়োগ্রাফিক এবং বায়োমেট্রিক তথ্য আইন প্রয়োগকারী সংস্থা এবং গোয়েন্দা সংস্থার ডাটাবেসে যাচাই করা হবে। জাতীয় নিরাপত্তা বা জন নিরাপত্তার জন্য ঝুঁকির কারণ হবেন এমন যেকোনো অনাগরিক ব্যক্তিকে আটক রাখার জন্য যুক্তরাষ্ট্রের অভিবাসন ও কাস্টমস এনফোর্সমেন্ট (U.S. Immigration and Customs Enforcement)-এর কাছে অথবা অন্যান্য সরকারি সংস্থার কাছে রেফার করা হবে।